

স্কুলে ভর্তি

## লটারির ফল প্রকাশ, দেখবেন যেভাবে

অনলাইন ডেস্ক

২৮ নভেম্বর ২০২৩, ০১:৪৫ পিএম



লটারির ফল প্রকাশ করেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি

২০২৪ শিক্ষাবর্ষে সরকারি ও বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহে প্রথম শ্রেণি থেকে নবম শ্রেণি পর্যন্ত ভর্তি লটারির মাধ্যমে প্রস্তুতকৃত ফল প্রকাশিত হয়েছে।

আজ মঙ্গলবার দুপুর ১২টার দিকে রাজধানীর আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে কেন্দ্রীয় ব্যবস্থাপনায় এই লটারির বাটন চেপে আনুষ্ঠানিক উদ্বোধন করেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি।

ডিজিটাল অনলাইন লটারি কার্যক্রমে সফটওয়্যারের মাধ্যমে র্যান্ডম পদ্ধতিতে স্বয়ংক্রিয়ভাবে ছাত্র-ছাত্রীদের নির্বাচন করা হয়। মাধ্যমিক উচ্চশিক্ষা অধিদপ্তর ও বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের সরাসরি তত্ত্বাবধানে উক্ত ডিজিটাল অনলাইন লটারি প্রক্রিয়ার মাধ্যমে ছাত্র-ছাত্রী নির্বাচন করা হয়।

**যেভাবে দেখবেন ফলাফল**

ডিজিটাল লটারির ভর্তির ফলাফল- <https://gsa.teletalk.com.bd> ওয়েবসাইট এবং টেলিটক মোবাইলে এসএমএস এর মাধ্যমে পাওয়া যাবে। এসএসএসের মাধ্যমে জানার জন্য মোবাইলের মেসেজ অপশনে গিয়ে **GSA** লিখে স্পেস দিয়ে **Result** লিখে স্পেস দিয়ে **User ID** লিখে পাঠিয়ে দিতে হবে 16222 নম্বরে।

[স্কুলে ভর্তি](#)[লটারি](#)[ফল](#)